বাংলাদেশ জাতীয়তাবাদী দল
কেন্দ্রীয় কার্যালয়ঃ ২৮/১, নয়াপল্টন, ভি আই পি রোড, ঢাকা-১০০০। ফোন: ৯৩৬১০৬৪ ফ্যাক্স: ৮৩১৮৬৮৭ E-mail: bnpcentral@gmail.com
চেয়ারপার্সনের কার্যালয় ঃ বাসা নং-০৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা-১২১২। ফোন: ৯৮৮৩৪৬২ ফ্যাক্স: ৯৮৮৩৪৫২ E-mail: bnpcpo@gmail.com

তারিখ ঃ ২৩ জুলাই ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি

## বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর শোকবার্তা

নেত্রকোণা জেলা বিএনপি'র আহবায়ক কমিটির সদস্য, বারহাট্টা উপজেলা বিএনপি'র সাবেক সহ-সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মোস্তাফিজুর রহমান খান রিজভী গতকাল দুপুরে ঢাকায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৪ বছর। বীর মুক্তিযোদ্ধা মোস্তাফিজুর রহমান খান রিজভী'র মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব **মির্জা ফখরুল ইসলাম আলমগীর।**

আজ এক শোকবার্তায় বিএনপি মহাসচিব বলেন, "বীর মুক্তিযোদ্ধা মোস্তাফিজুর রহমান খান রিজভী'র মৃত্যুতে তার পরিবার-পরিজনদের মতো আমিও গভীরভাবে সমব্যাথী। নেত্রকোণা জেলা ও বারহাট্টা উপজেলা বিএনপি-কে শক্তিশালী ও গতিশীল করতে তিনি নিবেদিতপ্রাণ ছিলেন। তার মৃত্যুতে নেত্রকোণা জেলা ও বারহাট্টা উপজেলা বিএনপি'র যে ক্ষতি হলো তা সহজে পূরণ হবার নয়। তিনি ছিলেন একজন জনপ্রিয় জনপ্রতিনিধি। '৭১ এর স্বাধীনতা যুদ্ধে বীর মুক্তিযোদ্ধা হিসেবে তার সাহসী অবদান জাতি চিরদিন শ্রদ্ধাভরে স্মরণ করবে। তিনি সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর নীতি ও আদর্শ এবং বাংলাদেশী জাতীয়তাবাদী দর্শনে গভীরভাবে বিশ্বাসী ছিলেন। দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামে তার সক্রিয় অংশগ্রহণ ছিল প্রশংসনীয়। দোয়া করি-মহান রাব্বুল আলামীন যেন তাকে জান্নাত নসীব এবং শোকাহত পরিবারের সদস্যদেরকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।"

বিএনপি মহাসচিব শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যবর্গ, আত্মীয়স্বজন, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

---

অপর এক শোকবার্তায় বিএনপি'র যুগ্ম মহাসচিব **সৈয়দ এমরান সালেহ প্রিন্স** নেত্রকোণা জেলা বিএনপি'র আহবায়ক কমিটির সদস্য, বারহাট্টা উপজেলা বিএনপি'র সাবেক সহ-সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মোস্তাফিজুর রহমান খান রিজভী'র মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। তিনি তার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকার্ত পরিবারবর্গ ও শুভাকাঙ্খীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক

(এ্যাড. মোঃ তাইফুল ইসলাম টিপু)
সহ-দফতর সম্পাদক
বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।